# পশ্চিমবঙ্গ সামাজিক নিরীক্ষা বিভাগ
# জেলা সামাজিক নিরীক্ষা শাখা, বর্ধমান
# নব নির্মিত কালেক্টরেট বিল্ডিং ১ম তল,বর্ধমান

বিজ্ঞপ্তি নং : 02/DSAU/BWN/ADVT তারিখ : ১০·০৬·২০১৬

## গ্রাম সম্পদ কর্মী নিযুক্তিকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য সামাজিক নিরীক্ষা দপ্তরের পত্রাঙ্ক নং 362/1(20)/SAU-O/3S-06/2015 তাং 31/05/2016 নির্দেশনামার ভিত্তিতে বর্ধমান জেলার ভাতার, জামালপুর, খন্ডঘোষ, আউশগ্রাম-১, কাঁকসা, মন্তেশ্বর এবং রায়না-২ ব্লকের সমস্ত গ্রামপঞ্চায়েতে জাতীয় গ্রামীণ কর্ম সুনিশ্চিতকরণ প্রকল্প (MGNREGS), ইন্দিরা আবাস যোজনা (IAY) এবং জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচী (NSAP) প্রকল্পের সামাজিক নিরীক্ষার জন্য গ্রাম সম্পদ কর্মী (Village Resource Person) আংশিক সময়ের জন্য নিযুক্ত করা হবে । সামাজিক নিরীক্ষা কাজের জন্য একজন গ্রাম সম্পদ কর্মী দিন প্রতি MGNREGA নিয়ম অনুযায়ী একজন দক্ষ শ্রমিকের মজুরী (**Rs. 352.00**) পাবেন । গ্রাম পঞ্চায়েত পিছু **১০** জন করে গ্রাম সম্পদ কর্মী নিযুক্ত করা হবে ।

গ্রাম সম্পদ কর্মী হিসাবে নিযুক্ত হওয়ার জন্য আবেদনকারীর নিম্নলিখিত যোগ্যতা থাকা **আবশ্যিক :-**

১। বয়স : ০১.০৬.২০১৬ অনুযায়ী আবেদনকারীর বয়স ১৮ বছরের উর্দ্ধে হতে হবে ।
২। শিক্ষাগত যোগ্যতা : আবেদনকারীকে ন্যূনতম দশম শ্রেণী উত্তীর্ণ হতে হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে ।
৩। আবেদনকারীকে বাংলা ভাষা সঠিকভাবে বলতে,পড়তে ও লিখতে জানতে হবে ।
৪। পরিবারের জব কার্ড থাকলে বা আবেদনকারী জব কার্ডে কাজ করে থাকলে অগ্রাধিকার পাবেন।
৫। আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট ব্লকের অধিবাসী হতে হবে। মনোনীত প্রার্থীদের নিজস্ব গ্রামপঞ্চায়েত ব্যাতীত উক্ত ব্লক এলাকার যেকোনো গ্রামপঞ্চায়েত এলাকায় সামাজিক নিরীক্ষার কাজে নিযুক্ত করা হবে।
৬। আবেদনকারীকে শারীরিক ভাবে সক্ষম হতে হবে ।

**অন্যান্য শর্তাবলী :**

১। আবেদনকারী মহিলা অথবা তপশিলী জাতি/তপশিলী উপজাতি শ্রেণীভূক্ত হলে অগ্রাধিকার পাবেন।
২। জলবিভাজিকা ব্যবস্থাপণা কমিটি (Watershed Management Committee), ভিলেজ স্কুল কমিটি (Village School Committe) , স্বনির্ভর গোষ্ঠী (Self Help Group), গ্রামস্তরে কর্মরত স্বেচ্ছাসেবী সংস্থা (Community Based Organisation ), নেহেরু যুব কেন্দ্র (Nehru Yuba Kendra) এবং ভারত নির্মাণ ভলেন্টিয়ারদের (Bharat Nirman Volunteers) অগ্রাধিকার দেওয়া হবে ।
৩। সামাজিক নিরীক্ষার কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে ।
৪। আবেদনকারী কোনো ভাবেই গ্রামপঞ্চায়েতের সদস্য বা কর্মী হবেন না, প্রত্যক্ষভাবে প্রকল্প রূপায়ণকারী সংস্থার সঙ্গে যুক্ত হওয়া চলবে না।

**নির্বাচন পদ্ধতি :**

১। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা ও ইন্টারভিউ-এর মাধ্যমে ।
২। প্রয়োজনে ইংরাজী ও বাংলা ভাষায় লেখার দক্ষতা যাচাই করা হবে ।

উপরোক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিম্নলিখিত নির্দিষ্ট বয়ানে (সংযোজিত) নিম্নলিখিত ঠিকানায় ১৪/০৬/২০১৬ থেকে ২১/০৬/২০১৬ (শনিবার, রবিবার ও ছুটি-র দিন ব্যতীত) তারিখে সকাল ১১:০০ টা থেকে বিকাল ৪:০০ টার মধ্যে আবেদনপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। আগামী ২৪/০৬/২০১৬ তারিখে বর্ধমান জেলার ওয়েবসাইটে **(www.bardhaman.nic.in)** যোগ্য প্রার্থীদের নামের তালিকাসহ **Interview-** এর সময় ও স্থান প্রকাশ করা হবে।

আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিতগুলির স্বপ্রত্যয়িত নকল দিতে হবে -

১। জন্ম তারিখ- এর শংসাপত্র ।

২। ভোটার কার্ড / আধার কার্ড ।

৩। শিক্ষাগত যোগ্যতার মার্কশীট ও শংসাপত্র ।

৪। তপশিলী জাতি/তপশিলী উপজাতি শংসাপত্র (প্রযোজ্য হলে) ।

৫। জবকার্ড ।

৬। অভিজ্ঞতার শংসাপত্র ।

বি:দ্র : ১. নিয়োগ সংক্রান্ত পরবর্তী বিজ্ঞপ্তির জন্য **www.bardhaman.nic.in** -ওয়েবসাইটটি দেখুন ।

২. নিয়োগ সংক্রান্ত বিষয়ে জেলা সামাজিক নিরীক্ষা নির্বাচন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে ।

৩. উক্ত নিয়োগ বলে কোনভাবেই স্থায়ী বা অস্থায়ী চাকুরীর দাবি করা যাবে না ।

৪. সর্বাধিক ১৩ (তেরো) দিনের কাজের জন্য পারিশ্রমিক দেওয়া হবে ।

আবেদন জমা দেওয়ার ঠিকানা :-

**জেলা সামাজিক নিরীক্ষা শাখা**
**জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর,**
**নব নির্মিত কালেক্টরেট বিল্ডিং ১ম তল,বর্ধমান ।**
**জেলা সমাহর্তার করণ, বর্ধমান ।**

অতিরিক্ত জেলা শাসক (সামাজিক নিরীক্ষা)
জেলা সামাজিক নিরীক্ষা শাখা, বর্ধমান।

# সামাজিক নিরীক্ষার কাজে গ্রাম সম্পদ কর্মী নিযুক্তিকরণ-এর আবেদন পত্র

পাসপোর্ট সাইজ ফটো লাগাতে হবে

প্রতি,
জেলা নোডাল আধিকারিক ( সামাজিক নিরীক্ষা)
জেলা সামাজিক নিরীক্ষা দপ্তর, বর্ধমান ।

মহাশয়,

আমি জাতীয় গ্রামীণ কর্ম সুনিশ্চিতকরণ প্রকল্প (MGNREGS), ইন্দিরা আবাস যোজনা (Indira Awas Yojona) এবং জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচী (National Social Assistance Programme) প্রকল্পের সামাজিক নিরীক্ষার কাজে আংশিক সময়ের জন্য গ্রাম সম্পদ কর্মী (Village Resource Person) হিসাবে নিযুক্ত হওয়ার জন্য আবেদন জানাচ্ছি । আমার জীবণপঞ্জী নিম্নে দেওয়া হল :

১। প্রার্থীর নাম বাংলায় ও ইংরেজীতে ( মাধ্যমিক শংসাপত্র অনুযায়ী) :

নাম (বাংলায় ) : ....................................................................................................

Name in English ( in Capital Letter ) : ..........................................................................

২। পিতা / স্বামীর নাম : ....................................................................................................

৩ । জন্ম তারিখ : ....................................................................................................

৪ । লিঙ্গ (পাশে √ চিহ্ন দিন ) : মহিলা / পুরুষ

৫ । জাতি :

৬ । বর্তমান পেশা :

৭। স্থায়ী ঠিকানা :

গ্রাম : ....................................................................................................

গ্রামপঞ্চায়েত : ....................................................................................................

ব্লক : ....................................................................................................

জেলা : বর্ধমান, পিন কোড :

৭। শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষা | বোর্ড / বিশ্ববিদ্যালয় | সাল | মোট প্রাপ্ত নম্বর | শতাংশ (%) |
|---|---|---|---|---|
| মাধ্যমিক | | | | |
| উচ্চমাধ্যমিক | | | | |
| স্নাতক | | | | |
| স্নাতকোত্তর | | | | |

৫। কাজের অভিজ্ঞতা :

| ক্রমিক নং | সংস্থার নাম | যে ধরনের কাজে নিযুক্ত ছিলেন তার প্রকৃতি | কতদিন উক্ত কাজে নিযুক্ত ছিলেন/ আছেন |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |

৬। অতিরিক্ত তথ্য :

উপরোক্ত সমস্ত প্রদত্ত তথ্যাবলী আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য । অন্যথায় আমার আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে ।

স্থান :
তারিখ :

প্রার্থীর নাম, সই ও তারিখ

---

নং :

পাসপোর্ট সাইজ ফটো লাগাতে হবে

**আবেদন পত্র প্রাপ্তিস্বীকার**

(ইন্টারভিউ-এর সময় সঙ্গে আনা আবশ্যিক)

শ্রী /শ্রীমতি.................................................................................................... পিতা/ স্বামীর নাম

........................................................................ ...........................নিকট হতে গ্রাম সম্পদ কর্মী পদের

জন্য আবেদন গ্রহণ করা হল।

স্বাক্ষর :
সামাজিক নিরীক্ষা দপ্তর
জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, জেলা সমাহর্তার করণ, বর্ধমান ।

তারিখ :